

“চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়নঃ সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্পে ১৪/০৩/২০১৮ তারিখে মীরসরাই উপজেলার ১৬ নং ইউনিয়ন এ অনুষ্ঠিত

PRA সেশনের প্রতিবেদন

- প্রকল্পের নাম : “চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়নঃ সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্প
- PRA সেশন অনুষ্ঠিত হওয়ার তারিখ, সময় ও স্থান : ১৪/০৩/২০১৮ তারিখে মীরসরাই উপজেলার ১৬ নং ইউনিয়ন এ সকাল ১০.৩০ ঘটিকায় ইউনিয়ন পরিষদের সম্মেলন কক্ষে PRA সেশন অনুষ্ঠিত হয়।
- উপস্থিতির তালিকা : PRA সেশন এ উপস্থিতির তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযুক্ত করা হলো।
- আলোচনা : “চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়নঃ সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্পের প্যুনার প্রকল্পের সার্বিক বিষয়াদি সম্পর্কে ধারণা প্রদান করেন। আলোচনার শুরুতে তিনি আনুষ্ঠানিক পরিচয়পর্ব পরিচালনা করেন। এরপর তিনি নগর উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম এবং মীরসরাই উপজেলার জন্য চলমান উন্নয়ন প্রকল্প সম্পর্কে উপস্থিত জনগণকে অবহিত করেন। পরবর্তীতে তিনি মীরসরাই উপজেলায় নির্মাণাধীন দেশের সর্ববৃহৎ অর্থনৈতিক অঞ্চল এবং মহাসড়কের মাধ্যমে বন্দর নগরী চট্টগ্রামের সাথে উন্নত যোগাযোগ ব্যবস্থার কারণে উপজেলার বিপুল পরিমাণ জনসংখ্যা বৃদ্ধি এবং এই বৃদ্ধির ফলে সৃষ্ট সমস্যাবলী সম্পর্কে আলোচনা করেন। তিনি উল্লেখ করেন যে সমস্যা মোকাবেলায় মীরসরাই উপজেলার জন্য যথাযথ পরিকল্পনার প্রয়োজন। আর পরিকল্পনার জন্য মীরসরাই অধিবাসীদের সহযোগিতার প্রয়োজন। তিনি উপস্থিত সদস্যদের তাদের স্ব-স্ব এলাকার সমস্যাগুলো উপস্থাপন করার অনুরোধ করেন। পিআরএ সেশনে উপস্থিত সদস্যরা ইউনিয়নে একটি আধুনিক মানের স্বাস্থ্যকেন্দ্রের অভাবকে ইউনিয়ন এর মূল সমস্যা হিসেবে আখ্যায়িত করেন। ইউনিয়ন এ কোন উন্নত হাসপাতাল নেই বলে এলাকাসী উল্লেখ করেন। এছাড়া অপ্রশস্ত ও ক্ষতিগ্রস্ত সড়কও ইউনিয়নের অন্যতম প্রধান সমস্যা বলে তারা উল্লেখ করেন। ইউনিয়নে অধিক পরিমাণ কাঁচা সড়ক রয়েছে যেগুলো অল্প বৃষ্টিতে চলাচলের অনুপযোগী হয়ে যায়। আরেকটি গুরুত্বপূর্ণ সমস্যা হচ্ছে জলাবদ্ধতা সমস্যা। মূলত খালসমূহ ভরাট হয়ে যাওয়ার ফলে বৃষ্টির পানি প্রবাহিত হতে না পারার জন্যই এই জলাবদ্ধতা। এলাকাসী ইউনিয়নের খালসমূহ সংস্কারের দাবী জানান। এলাকাসী জানান এলাকায় বিশুদ্ধ পানির তীব্র সমস্যা রয়েছে। শুষ্ক মৌসুমে ইউনিয়নের কোথাও কোথাও ন্যূনতম ৫০০ ফুটের অধিক গভীরে বিশুদ্ধ পানি পাওয়া যায়। এছাড়া তারা ইউনিয়ন এ পর্যাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের অভাব রয়েছে বলে জানান। তারা বলেন ইউনিয়নে বেকার জনগোষ্ঠীর উন্নয়নে কোন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান নেই এমনকি ইউনিয়নে কোন কলেজ পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান নেই। এছাড়া বাচ্চাদের জন্য কোন খেলার মাঠ নেই এবং অধিকাংশ প্রাথমিক বিদ্যালয়ের নিজস্ব খেলার মাঠ নেই। এলাকাসী জানান ইউনিয়নে কেন্দ্রীয়ভাবে তেমন কোন নাগরিক সুবিধাদি নেই। পরবর্তীতে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইউনিয়নে বাঁধ সংলগ্ন এলাকার ভূমিহীন মানুষ এবং ০৪ নম্বর ওয়ার্ডে বসবাসরত জেলে পরিবারের জন্য আলাদা আবাসনের প্রয়োজন বলে জানান। এছাড়া ইউনিয়নে সাইক্লোন সেন্টার প্রয়োজন বলে তিনি জানান। পর্যাপ্ত সেতুর অভাব, বিভিন্ন নাগরিক সুবিধার অভাব, ক্রমাগত কৃষি ভূমি হ্রাস, বর্জ্য ব্যবস্থাপনার অভাব ইত্যাদি নানা সমস্যার কথা তুলে ধরেন এলাকাসী। পিআরএ সেশনে সমস্যাবলী বিষয়ে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়-

- সিদ্ধান্তসমূহ :
- ১। আধুনিক হাসপাতাল নেই
 - ২। ভূমিহীনদের জন্য আবাসন সংকট
 - ৩। অপ্রশস্ত ও ক্ষতিগ্রস্ত সড়ক
 - ৪। পয়নিষ্কাশন সমস্যা
 - ৫। ভূমিহীনদের জন্য আবাসন সংকট
 - ৬। চিত্তবিনোদন সুবিধার অভাব
 - ৭। কেন্দ্রীয় বিভিন্ন নাগরিক সুবিধাসমূহের অভাব
 - ৮। পাহাড়ী ঢলে জলাবদ্ধতা
 - ৯। মাদক সমস্যা
 - ১০। সাইক্লোন সেন্টার এর অভাব
 - ১১। কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের অভাব
 - ১২। বর্জ্য ব্যবস্থাপনার অভাব

১৩। প্রাথমিক বিদ্যালয়ের অভাব

১৪। পানিতে আয়রন ও আর্সেনিকের উপস্থিতি রয়েছে

পিআরএ সেশনে উল্লেখিত সমস্যাগুলোর সমাধান নিয়ে আলোচনা করা হয়। উপস্থিত সদস্যদের ইউনিয়ন এ প্রয়োজনীয় সুবিধাসমূহের সম্ভাব্য অবস্থান সরবরাহকৃত মানচিত্রে প্রদর্শন করার জন্য অনুরোধ জানানো হয়। কেন্দ্রীয় খেলার মাঠ, প্রাথমিক বিদ্যালয়, হাসপাতাল, আবাসনের স্থান ইত্যাদি স্থাপনের সম্ভাব্য জায়গা উপস্থিত সদস্যগণ সংশ্লিষ্ট মানচিত্রে এঁকে দেখান।